মেহেরপুরে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত

”আগামী প্রজন্মকে সক্ষম করি, দূর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২৪ পালিত হয়েছে।

আজ রবিবার (১৩ অক্টোবর) সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসন কার্যালয় চত্বরে এসে শেষ হয়। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।



এ সময় স্থানীয় সরকার উপপরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মু: তানভীর হাসান রুমান, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (নেজারত শাখা, ট্রেজারি শাখা, ত্রাণ ও পুনর্বাসন শাখা) মোঃ সাজেদুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (রেকর্ডরুম শাখা, আইসিটি শাখা) মোঃ হাবিবুর রহমান, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (শিক্ষা শাখা, তথ্য ও অভিযোগ শাখা, অভিযোগ নিষ্পত্তি সেল) শেখ তৌহিদুল কবীর, পুলিশ পরিদর্শক বজলুর রহমান, জেলা ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শামীম রেজাসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভার আগে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শিত করা হয়।